সংবাদ

তারিখ ....7 AUG 2017....
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...




*লামা সরকারি উচ্চ বিদ্যালয়* -সংবাদ

# লামা সর. উচ্চ বিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত

**কামরুজ্জামান, লামা (বান্দরবান)**

দু'দশক ধরে নানা সমস্যায় জর্জরিক লাামা সরকারি উচ্চ বিদ্যালয়। শিক্ষক, কর্মচারী সল্পতা, একাডেমি ভবনের অভাব, শিক্ষকদের অভ্যান্তরীণ দন্ধ, বানিজ্যিক মানসিকতায় পড়ালেখার মান হারিয়েছে। নিরোপায় ছাত্র অভিভাবকদের আহাজারি শোনার কেউ নেই। প্রয়োজনীয় সংখ্যাক শিক্ষক-কর্মচারী দিয়ে বিদ্যালয়ের হারানো ঐতিহ্য রক্ষার দাবী জানান অভিভাবকরা।

জানা গেছে, ১৯৬৭ সালে লামা পাইলট উচ্চ বিদ্যালয় নাম করণে প্রতিষ্ঠিত হয়ে, ১৯৮১ সালে জাতীয় করণর করে 'লামা সরকারি উচ্চ বিদ্যালয়' নাম করণ হয়। ভূমির পরিমাণ ১০.৯২ একর। প্রতিষ্ঠালগ্ন থেকে ৯০'দশক পর্যন্ত বিদ্যালয়ের পড়ালেখার মান ভালো ছিল। বিগত দু'দশক ধরে শিক্ষক সংকট, স্থানীয় শিক্ষকদের আধিপত্য বিস্তার, সংশ্লিষ্ট উধ্বর্তন কর্তৃপক্ষের অবহেলায় পড়ালেখার ক্রমবোনতি হতে থাকে। এক সময় বিদ্যালয়ে পড়ুয়া অনেক ছাত্রছাত্রী বিসিএস পাশ করে ডাক্তার ইঞ্জিনিয়ার, প্রফেসর ও জুড়িসিয়াল ম্যাজিষ্ট্রেট হওয়ার গৌরবার্জন করেছেন। সাম্প্রতিক সময়ে কতিপয় শিক্ষকের স্বেচ্চাসারিতায় পড়ালেখার ক্ষেত্রে বিদ্যালয়টি বেহাল অবস্থায় পড়েছে। ইতোপূর্বে স্থানীয় অভিভাবক ও ছাত্রছাত্রীরা কয়েকদফা মিছিল-মিটিং মানববন্ধন করে সমস্যা সমাধানের দাবি করেও কোন সুরাহা পাননি। ছাত্র অভিভাবকরা জানায়, বিদ্যালয়ে শিক্ষক সংকট এর ফলে কাঙ্খিত ফলাফল পাচ্ছেন না তারা। খোঁজ নিয়ে জানা যায়, বর্তমানে বিদ্যালয়ে ২৭ জন শিক্ষকের স্থলে রয়েছে ৮জন। ছাত্রসংখ্যা ৬ শ্ জন। ৭ জনের কাজ করছেন ২ জন কর্মচারী। বাংলা ইংরেজিও গণিতের ৪ জন করে শিক্ষক থাকার কথা, কিন্তু গুরুত্বপূর্ণ এ তিন বিষয়ে ১জনও শিক্ষক নেই। ভৌত বিজ্ঞান ও জীব বিজ্ঞানে ২ টি করে পদ থাকলেও এক শিক্ষকও নেই। ব্যবসায় শিক্ষা রয়েছে ১জন শিক্ষক। ভূগোল ও কৃষি শিক্ষক নেই। উচ্চমান সহকারী নেই, এমএলএসএস ৫ জনের স্থলে রয়েছে ১জন। নিম্মমানসহকারী ১জন আছে।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিথি তংচঙ্গা জানান, জনবল সংকট নিরষণে কর্তৃপক্ষের কাছে বহু লেখা-লেখি করা হয়েছে। এছাড়া স্থানীয়রা কিছুদিন পরপর সরকারের সংশ্লিষ্ট উধর্তন কর্তৃপক্ষের নিকট অনেক আবেদন নিবেন করেও এর কোন সুরাহা পাচ্ছেন না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
সদয়ার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর